# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 04-11-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) পশ্চিমবঙ্গ সহ দেশের ১২-টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে আজ ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধনীর কাজ শুরু হয়েছে।

বিএলও-রা শুরু করেছেন এনুমারেশন ফর্ম বিতরণের কাজ ।

২) এস আই আর-এর বিরোধিতা করে তৃণমূল কংগ্রেস আজ কলকাতায় মিছিলের আয়োজন করে।

বিভিন্ন ইস্যু থেকে রাজ্যের মানুষের দৃষ্টি ঘোরাতে তৃণমূল কংগ্রেস, এস আই আর-এর বিরোধিতা করছে বলে বিজেপির অভিযোগ ।

৩) বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ উত্তর ২৪ পরগনায় এস আই আর-এর সমর্থনে পরিবর্তন যাত্রায় অংশ নেন।

৪) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ প্রবাদ প্রতীম চলচ্চিত্রকার ঋত্বিক ঘটকের জন্মশত বর্ষ উদযাপন করা হচ্ছে।

৫) বাংলা বালকদের সাব জুনিয়ার জাতীয় ফুটবলের ফাইনালে উঠেছে।

oooooooooooooooooooooooo

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনীর অংশ হিসাবে আজ রাজ্য জুড়ে জোরকদমে এনুমারেশন ফর্ম বিতরণ শুরু হয়েছে। বুথ লেভেল আধিকারিকরা বাড়ি বাড়ি গিয়ে ফর্ম বিতরণ করছেন। প্রথম দিন বেলা বারোটার মধ্যেই চার লক্ষের গণ্ডি পেরিয়েছিল ফর্ম দেওয়ার কাজ। বিকেল ৫-টার মধ্যে সেই সংখ্যা ১৮ লক্ষে পৌঁছে গেছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গিয়েছে।

নির্বাচন কমিশন সূত্রে খবর, আগামী চার দিনের মধ্যেই রাজ্যজুড়ে এই এনুমারেশন ফর্ম বিতরণের কাজ সম্পূর্ণ করার লক্ষ্য নেওয়া হয়েছে।

oooooooooooooooooooooooo

ম্যাপিং এন্ড ম্যাচিং এর পরে ২০০২ সালের ভোটার তালিকার সঙ্গে নির্বাচন কমিশন বর্তমান তালিকায় এখনও পর্যন্ত রাজ্যের দুই কোটি ৪৫ লক্ষ ৭১ হাজার ১১৪ জন ভোটারের তথ্যগত মিল পেয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক এর দপ্তর সূত্রে জানা গিয়েছে। তালিকায় যাদের নামে মিল রয়েছে আজ থেকে শুরু হওয়া এনুমারেশন ফর্ম পূরনের ক্ষেত্রে তাদের কোন নথি জমা দেওয়ার প্রয়োজন নেই বলে জানা গিয়েছে।

এইদিকে এস আই আর নিয়ে বুথ লেভেল আধিকারিকদের কাজ খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের ডেপুটি নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে তিন সদস্যের এক প্রতিনিধি দল আগামীকাল তিন দিনের সফরে রাজ্যে আসছেন বলে কমিশন সূত্রে জানা গিয়েছে। তারা এই সফরে উত্তরবঙ্গের কোচবিহার, জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ারের এস আই আর সংক্রান্ত কাজ খতিয়ে দেখবেন।

oooooooooooooooooooooooo

এস আই আর পর্বে ভোটার তালিকা থেকে নাম বাদ যাওয়ার আশঙ্কা, প্রাণহানির মতো ঘটনাতে বিজেপিকে দায়ী করে রাজ্যের শাসক দল তৃণমূল কংগ্রেস আজ একটি মিছিলের আয়োজন করে। তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জি ধর্মতলা থেকে জোড়াসাঁকো পর্যন্ত দলীয় মিছিলে নেতৃত্ব দেন। ধর্মতলায় আম্বেদকর মূর্তিতে শ্রদ্ধা জানিয়ে সংবিধানের কপি হাতে নিয়ে মিছিল শুরু করেন তৃণমূল কংগ্রেস নেত্রী। জোড়াসাঁকোতে মিছিলের শেষে আয়োজিত এক সভা থেকে দেশের বিভিন্ন রাজ্যে বাঙালি পরিযায়ী শ্রমিকদের উপর আক্রমণের প্রসঙ্গ তুলে ধরে তিনি বলেন, বাংলাভাষায় কথা বললে কেউ বাংলাদেশী হয়ে যায় না হিন্দি বা উর্দু ভাষায় কথা বললেই কেউ পাকিস্তানি হয়ে যায় না।

(বাইট – মুখ্যমন্ত্রী)

এদিকে তৃণমূল কংগ্রেসের এই মিছিল কে কেন্দ্র করে আজ কলকাতায় উত্তর মধ্য ও দক্ষিণ কলকাতার বিস্তীর্ণ অঞ্চল রুদ্ধ হয়ে পড়ে। স্তব্ধ হয়ে যায় যান চলাচল। সাধারণ মানুষ চরম সমস্যায় পড়েন।

oooooooooooooooooooooooo

বিভিন্ন ইস্যু থেকে রাজ্যের মানুষের দৃষ্টি ঘোরাতে শাসক দল তৃণমূল কংগ্রেস এসআইআর-এর বিরোধিতা করছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের প্রাক্তন রাজ্য সভাপতি কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, সম্প্রতি ২৬ হাজার চাকরি বাতিল, রাজ্যে কর্মসংস্থান ও বিনিয়োগের অভাব, নারী সুরক্ষায় গাফিলতি সহ বিভিন্ন বিষয় থেকে দৃষ্টি ঘোরাতে এসআইআরকে ইস্যু করা হয়েছে।

(বাইট – সুকান্ত)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে বসবাসকারী মতুয়া ও পরিযায়ী শ্রমিকদের নাম ভোটার তালিকায় থাকবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আশ্বস্ত করেছেন। উত্তর ২৪ পরগনার পানিহাটিতে আজ এস আই আর-এর সমর্থনে পরিবর্তন যাত্রার শেষে সাংবাদিকদের শ্রী অধিকারী বলেন, মতুয়ারা এদেশেরই নাগরিক। এস আই আর নিয়ে শাসক দলের তরফে মিথ্যা প্রচার করা হচ্ছে বলে অভিযোগ করেন তিনি।

(বাইট – শুভেন্দু)

এর আগে বিরোধী দলনেতার নেতৃত্বে বিজেপি-র প্রতিনিধি দল আজ রাজ্যে মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে জন্মের নকল শংসাপত্র ইস্যু হওয়া নিয়ে চিঠি দেন। এস আই আর-এর আবহে চলতি বছরের জুন মাসের পর ইস্যু হওয়া আধার সহ অন্যান্য সার্টিফিকেটগুলিও খতিয়ে দেখার দাবি জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব বর্ধমানে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর আগামীকালের মিছিল পিছিয়ে দিয়েছে কলকাতা হাইকোর্ট। এরফলে আগামী ৯-ই নভেম্বর রবিবার ওই মিছিল হবে। বিচারপতি কৌশিক চন্দ গতকাল বড়নীলপুর মোড় থেকে কার্জন গেট পর্যন্ত মিছিলের জন্য অনুমতি দিয়েছিলেন। আগামীকাল ২-টো থেকে ৬-টা পর্যন্ত মিছিল হওয়ার কথাছিল। কিন্তু এই নির্দেশের বিরুদ্ধে ডিভিশন বেঞ্চে যায় রাজ্য ও গুরুদুয়ারা কমিটি। তাদের দাবি আগামীকাল গুরুনানকের জন্মদিন উপলক্ষে তিনকোনিয়া এবং চরণকমল গুরুদুয়ারায় বিশেষ অনুষ্ঠান রয়েছে। রাজনৈতিক কর্মসূচী অন্যদিনও হতে পারে বলে তারা আদালতে জানান। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথী সেনের ডিভিশন বেঞ্চ ৮-ই নভেম্বর মিছিল করতে বলেন। বিজেপি-র আইনজীবী বিল্বদল ভট্টাচার্য তা ৯ তারিখ করতে চাইলে আদালত তাতে অনুমতি দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, আজ প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকেও এস আই আর-এর প্রতিবাদে কলকাতায় মুখ্য নির্বাচনী আধিকারিকের কার্যালয়ের সামনে বিক্ষোভ দেখানো হয়। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার বলেছেন, এতো দ্রুত না করে আর একটু সময় নিয়ে এস আই আর করা উচিত ছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে আজ প্রবাদপ্রতিম চলচ্চিত্রকার ঋত্বিক ঘটকের জন্ম শতবর্ষ উদযাপন করা হচ্ছে। গতকাল মধুসূদনমঞ্চে টালিগঞ্জ স্বপ্ন মৈত্রীর আয়োজনে' মঞ্চ থেকে পর্দা - ভাবনার অনুশীলনে ঋত্বিক ঘটক' শীর্ষক এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আজ দুপুর থেকে বিকেল পর্যন্ত রামমোহন লাইব্রেরী ও হারমোনিকার উদ্যোগে গ্রন্থাগার কক্ষে "শত বর্ষের আলোকে ঋত্বিক" শিরোনামে সারাদিনব্যাপী আলোচনা ও চলচ্চিত্র প্রদর্শনের ব্যবস্থা করা হয়।

একটি প্রতিবেদন।

(ক্যাপসুল- অভিজিৎ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা হাইকোর্ট, দক্ষিণ দিনাজপুরে বোল্লাকালী মন্দিরের পুজোয় প্রকাশ্যে বলি বন্ধ করার নির্দেশ দিয়েছে। বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথী সেনের ডিভিশন বেঞ্চ একই সঙ্গে পুজোয় পশুবলি বন্ধ করতে জনসচেতনতামূলক প্রচার চালানোর জন্য রাজ্য প্রশাসনকেও উদ্যোগী হতে বলেছে।

উল্লেখ্য, আগামী শুক্রবার ৭-ই নভেম্বর এই মন্দিরে পুজো। ৪-শো বছরের পুরনো এই ঐতিহ্যশালী পুজোয় বিপুল সংখ্যক ছাগবলি হলেও, তা বন্ধ করতে

একাধিকবার জনস্বার্থ মামলা দায়ের হয়। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতির বেঞ্চ বলি পুরোপুরি বন্ধ করার নির্দেশ না দিলেও মানতের বলি যাতে প্রকাশ্যে না হয়, তা নিশ্চিত করতে বলেছে। মন্দির কমিটিও দুটির বেশি ছাগ বলি দিতে পারবে না। ধীরে ধীরে বলি বন্ধ করার জন্য প্রচারের নির্দেশ দিয়েছে হাইকোর্ট ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বিচার বিভাগের নিজস্ব প্রকল্পে খরচ করার ক্ষমতা আরও বাড়াল রাজ্য সরকার। অর্থ দফতরের এক নির্দেশিকায় জানানো হয়েছে, আইন ও বিচার দফতরের সচিব এখন থেকে কোনও নতুন প্রকল্পে সর্বাধিক ৭৫ লক্ষ টাকা পর্যন্ত ব্যয় করতে পারবেন। আগে এই সীমা ছিল ৫০ লক্ষ টাকা। তবে ব্যয় কার্যকর করার আগে সংশ্লিষ্ট দফতরের আর্থিক উপদেষ্টার অনুমোদন অপরিহার্য থাকবে।

৭৫ লক্ষ টাকার বেশি খরচের ক্ষেত্রে আগের মতোই অর্থ দফতরের অনুমোদন নিতে হবে।

এর আগে জুলাই মাসে বিভিন্ন দফতরের নতুন প্রকল্পে সরাসরি খরচ করার ক্ষমতা নির্ধারণ করে বিজ্ঞপ্তি জারি করেছিল অর্থ দফতর। সেই নির্দেশ অনুযায়ী, পূর্ত, সেচ, পিএইচই ও পুর ও নগরোন্নয়ন দফতর গুলির খরচের সর্বোচ্চ সীমা ৩ কোটি টাকা ধার্য হয়েছিল। কিন্তু বিচার বিভাগসহ কয়েকটি দফতরের সীমা ৫০ লক্ষ টাকাই রাখা হয়েছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০

জাল নথী দিয়ে ভুয়ো পাসপোর্ট কান্ডে ইডি আজ তিনজনকে গ্রেপ্তার করেছে। নদিয়ার চাকদা থেকে ইডি গতকাল কাঠমিস্ত্রি বিপ্লব সরকার,তার ভাই বিপুল ও তাদের বাবাকে আটক করে। সিজিও কমপ্লেক্সে দীর্ঘক্ষন জেরার পর আজ তাঁদের গ্রেপ্তার করা হয়।

এর আগে ইডি এর তদন্তে ইন্দু ভূষন হালদারকে গ্রেপতার করেছিল, তাকে জেরা করে, ইডি এদের সন্ধান পায়। ইন্দুভুষন, পাক নাগরিক আজাদ মল্লিকের ঘনিষ্ঠ।

oooooooooooooooooooo

পূর্ব মধ্য বঙ্গোপসাগর এলাকায় তৈরি হওয়া নিম্নচাপটি এখন সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হয়ে মায়ানমার - বাংলাদেশ উপকূলের ওপর রয়েছে। এর প্রভাবে উপকুলীয় জেলা দুই ২৪ পরগনায় আগামীকাল পর্যন্ত মেঘলা আকাশ এবং দু এক জায়গায় হালকা বৃষ্টির সম্ভাবনা আছে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

(বাইট – হাবিবুর)

এদিকে, রাজ্যে উত্তর , উত্তর পশ্চিম দিক থেকে বায়ু প্রবাহ শুরু হওয়ায় শুষ্ক আবহাওয়া থাকবে।

oooooooooooooooooooo

বাংলা , বালকদের সাব জুনিয়র জাতীয় ফুটবলের ফাইনালে উঠেছে। পঞ্জাবের অমৃতসরে আজ সেমিফাইনালে বাংলা ৩-২ গোলে মনিপুর কে হারিয়ে দীর্ঘ দশ বছর পর আবার ফাইনালে পৌঁছেছে। ৪১ মিনিটে সিদু সোরেনের দেওয়া গোলে বাংলা এগিয়ে যায়। প্রথমার্ধের ৪১ মিনিট সানাতোম্বা সিং মণিপুরের হয়ে সমতা ফেরায়। দ্বিতীয়ার্ধের ৫৭ মিনিটের মোমো সিং মণিপুরের হয়ে ব্যবধান বাড়ায়। খেলার সংযোজিত সময়ে বাংলাকে আবার সমতায় ফেরায় সাগ্নিক কুণ্ডু। শেষ মুহূর্তে অধিনায়ক ভোলা রাজওয়ার গোল করে দলকে ফাইনালের ছাড়পত্র এনে দেয়। বৃহস্পতিবার ফাইনালে বাংলা দিল্লির মুখোমুখি হবে।

oooooooooooooooooooooooo

আগরতলায় বাংলা ও ত্রিপুরার মধ্যে চারদিনের রনজি ট্রফি ম্যাচটি আজ অমীমাংসিতভাবে শেষ হয়েছে। প্রথম ইনিংসে এগিয়ে থাকার সুবাদে ত্রিপুরা এই ম্যাচে তিন পয়েন্ট পেয়েছে। বাংলা পেল এক পয়েন্ট।

এদিন ত্রিপুরার প্রথম ইনিংস ৩৮৫ রানে শেষ হয়। হনুমা বিহারী ১৪১, মনিশঙ্কর মুরাসিং ১০২ রান করেন। বাংলার মহম্মদ কাইফ চারটি, ঈশান পোড়েল তিনটি, রাহুল প্রসাদ দুটি উইকেট নেন। এরপর বাংলা দ্বিতীয় ইনিংসে তিন উইকেটে ৯০ রান সংগ্রহ করে। বাংলা প্রথম ইনিংসে করেছিল ৩৩৬ রান।

বাংলা পরবর্তী ম্যাচে রেলওয়েজের বিরূদ্ধে খেলবে। চারদিনের এই ম্যাচ গুজরাতে শনিবার শুরু হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০